গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর

বিষয়ঃ নগর উন্নয়ন অধিদপ্তরের ২০২২-২০২৩ সালের এপিএ চুক্তির বাস্তবায়ন নিয়ে ডিসেম্বর/২২ মাসের আলোচনা সভার কার্যবিবরনী

---

| | |
|---|---|
| সভাপতি | ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক<br>পরিচালক (চলতি দায়িত্ব) |
| সভার তারিখ | ০৫.১২.২০২২ |
| সভার সময় | বেলা ১২.০০ ঘটিকা |
| স্থান | সভাপতির কক্ষ |
| উপস্থিতি | সংযুক্ত |

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি এপিএ প্রণয়ন ও বাস্তবায়নের গুরুত্ব সম্পর্কে উপস্থিত সবাইকে অবহিত করন। অত:পর তিনি এপিএ টিম প্রধানকে এপিএ ২০২২-২০২৩ বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত আলোচনা করতে নির্দেশ প্রদান করেন। পরবর্তীতে এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**সিদ্ধান্ত সমূহ:**

১। ২য় কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি এপিএ সফটওয়্যারে প্রদানের লক্ষ্যে পায়রা-কুয়াকাটা প্রকল্পের প্রকল্প পরিচালক এবং ৯ উপজেলা প্রকল্পের প্রকল্প পরিচালক কে আগামী ০৫/০১/২০২৩ তারিখের মধ্যে প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন(প্রমাণক সহ) দাখিলের জন্য পত্র প্রেরণ করতে হবে।

২। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২০২৩ অনুযায়ী ২টি ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। সে মোতাবেক রূপপুর প্রকল্পের ডিপিপি চূড়ান্ত করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৩। নগর উন্নয়ন অধিদপ্তরের খসড়া নিয়োগবিধি-২০২২ এবং নগর উন্নয়ন অধিদপ্তরের খসড়া অর্গানোগ্রাম এপিএ চুক্তি মোতাবেক ০১.০১.২০২৩ সালের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করার লক্ষ্যে নিয়োগবিধির যাচাই-বাছাই কমিটিকে পত্র প্রেরণ করতে হবে।

৪। প্রকল্পের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন জানুয়ারী/২৩ এর মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাদের পরিদর্শন সংক্রান্ত ভ্রমন আদেশ করতে হবে।

৫। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম পরিকল্পনা সংশ্লিষ্ট কাজ কমিটির সকল সদস্যদের মধ্যে বন্টন করার জন্য নির্দে শনা প্রদান করা হয়।

৬। নগর উন্নয়ন অধিদপ্তরের নিজস্ব অফিস ভবনের জন্য নামজারীর লক্ষ্যে জমি রেজিস্ট্রেশন সংক্রান্ত কোড, ভূমি উন্নয়ন করের কোড ও বরাদ্দ চেয়ে পত্র প্রেরণ করতে হবে। রেজিস্ট্রেশন সংক্রান্ত প্রয়োজনীয় বরাদ্দের চাহিদা প্রস্তুতের জন্য জনাব মোঃ আহসান হাবীব, সহকারী প্ল্যানার এবং জনাব মির্জা শরিফুল ইসলাম,সার্ভেয়ার কার্যক্রম গ্রহন করবেন মর্মে সিদ্ধান্ত হয়।

৭। ভূমি অধিগ্রহন অনাপত্তি প্রদান সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন(প্রমাণক সহ) সকল সিনিয়র প্ল্যানারগণ ০৫/০১/২০২৩ তারিখের মধ্যে এপিএ টিম প্রধান বরাবর দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত হয়।

৮। শুদ্ধাচার,ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন, অভিযোগ প্রতিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি ও তথ্য অধিকার কর্ম-পরিকল্পনা সংক্রান্ত ২য় কোয়ার্টার প্রতিবেদন(প্রমাণক সহ) স্ব-স্ব ফোকাল পয়েন্ট কর্মকর্তা ০৫/০১/২০২৩ তারিখের মধ্যে এপিএ টিম প্রধান বরাবর দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত হয়।

৯। অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা(অনিক) অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা ২০১৫(পরিমার্জিত ২০১৮) মোতাবেক গঠনের জন্য প্রশাসনিক কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়।

১০। যে সমস্ত কর্মসম্পাদন সূচক নির্দিষ্ট তারিখে সম্পাদনের জন্য চুক্তিতে উল্লেখ আছে ঐ কর্মসম্পাদন সূচক নির্দিষ্ট তারিখের পূর্বে সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।




ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক
পরিচালক (চলতি দায়িত্ব)

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.৯৯.০১০.১৭.১২৮

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪২৯
১১ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর
২) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পণা), নগর উন্নয়ন অধিদপ্তর
৩) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর
৪) সিনিয়র জিওগ্রাফার, গবেষণা, নগর উন্নয়ন অধিদপ্তর
৫) সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-১, নগর উন্নয়ন অধিদপ্তর
৬) সিনিয়র প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর
৭) সিনিয়র প্ল্যানার, রিজিওনাল প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
৮) সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর
৯) সিনিয়র প্ল্যানারবৃন্দ আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর
১০) সিনিয়র প্ল্যানার, টাউন প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
১১) সিনিয়র প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
১২) সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী(সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর
১৩) হিসাব রক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), হিসাব শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর
১৪) প্রধান কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ
১৫) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর
১৬) সাঁট লিপিকার(পিএ), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)



উদয় শংকর দাস
সিনিয়র প্ল্যানার